দৈনিক বাংলা

১৩৫

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

৩২

# ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত করতে নিজ নিজ দায়িত্ব পালন করুন : শিক্ষক সমিতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করার জন্য সরকার, রাজনৈতিক দল ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছে। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, সন্ত্রাস দমন করতে না পারলে শিক্ষাব্যবস্থাই শুধু ধ্বংস হবে না, সদ্য অর্জিত গণতন্ত্রও বিপন্ন হতে পারে।

শিক্ষকদের চলমান কর্মবিরতির যৌক্তিকতা ব্যাখ্যার জন্য এই সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করে শোনান শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ শাহাদত আলী। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সমিতির সভাপতি প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরী ও সদস্য প্রফেসর মসিহুজ্জামান। উপস্থিত ছিলেন যুগ্ম-সম্পাদক ডঃ আ জা ম সা আরেফিন সিদ্দিক, প্রফেসর আমিনুল ইসলাম, ডঃ আবুল কালাম, রাবেয়া খাতুন প্রমুখ। সাংবাদিক সম্মেলনে বলা হয়, ২৭ অক্টোবরের রক্তক্ষয়ী সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম

(শেষ পৃঃ ৬-এর কঃ দঃ)

## শিক্ষক সমিতি

(প্রথম পৃঃ পর)

চালিয়ে যাওয়া সম্ভব ছিল না।

শিক্ষকরা ধর্মঘটে যাওয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য হন। কারণ সন্ত্রাসের ব্যাপকতা এমন পর্যায়ে পৌঁছেছিল যে সকলের নিরাপত্তাই ছিল হুমকির সম্মুখীন।

গত ২৬ দিনের কর্মবিরতির মাধ্যমে সন্ত্রাস দমনে কিছু অগ্রগতি সাধিত হয়েছে বলে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ দাবী করেন। তাঁরা বলেন, ক্যাম্পাসে সন্ত্রাসের তীব্রতা আগের চেয়ে কমেছে, সন্ত্রাস একটি জাতীয় সমস্যা হিসাবে গৃহীত হয়েছে, স্বরাষ্ট্রমন্ত্রী সন্ত্রাস দমনের প্রতিশ্রুতি দিয়েছেন এবং কর্মবিরতির ফলে পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে। তবে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ স্বীকার করেন যে, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতির গুণগত কোন পরিবর্তন এখনো হয়নি।

সন্ত্রাসের বিরুদ্ধে সরকার এখনো কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় শিক্ষকরা তাদের কর্মবিরতি চালিয়ে যাবেন বলে নেতৃবৃন্দ জানান। তবে ২ ডিসেম্বরের সভায় কর্মবিরতি প্রশ্নে নতুন করে সিদ্ধান্ত নেয়া হবে।